একদা একটি লোক সূরা কাহাফ পাঠ করছিল। তার পাশেই দুটো রশি দিয়ে একটি ঘোড়া বাঁধা ছিল।

বারা’ ইবনে আযেব রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একদা একটি লোক সূরা কাহাফ পাঠ করছিল। তার পাশেই দুটো রশি দিয়ে একটি ঘোড়া বাঁধা ছিল। ইতোমধ্যে লোকটিকে
একটি মেঘে ঢেকে নিলো। মেঘটি লোকটির নিকটবর্তী হতে থাকলে ঘোড়াটি তা দেখে চমকাতে আরম্ভ করল। অতঃপর যখন সকাল হল তখন লোকটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে হাজির হয়ে উক্ত ঘটনা বর্ণনা করল। তা [শুনে] তিনি বললেন, “ওটি প্রশান্তি ছিল, যা তোমার কুরআন পড়ার দরুন অবতীর্ণ হয়েছে।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

বারা’ ইবনে আযেব রাদিয়াল্লাহু আনহু রাসূলের যামানায় সংঘটিত একটি আশ্চর্য ঘটনা বর্ণনা করেন। তিনি বলেন, একদা একটি লোক সূরা কাহাফ পাঠ করছিল। তার পাশেই রশি দিয়ে একটি ঘোড়া বাঁধা ছিল। ইতোমধ্যে লোকটিকে ছাতার মতো একটি মেঘ ঢেকে নিলো। মেঘটি তার নিকটবর্তী হতে থাকলে ঘোড়াটি তা দেখে চমকাতে আরম্ভ করল এবং লাফালাফি করতে লাগল। অতঃপর যখন সকাল হল তখন লোকটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে হাজির হয়ে উক্ত ঘটনা বর্ণনা করল। তা [শুনে] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন,“এ প্রশান্তিটি কুরআন পড়ার সময় যে সাহাবী কুরআন পড়ছিল তার সম্মানে এবং আল্লাহর কালাম যে সত্য তার সাক্ষ্য হিসেবে অবতীর্ণ হয়েছে।” লোকটি হলো উসাইদ ইবনে হুযাইর রাদিয়াল্লাহু আনহু।

https://sunnah.global/hadeeth/bn/show/6178